

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।  
[www.debendracollege.gov.bd](http://www.debendracollege.gov.bd)

নং-সদেক/২০২৬/হিসাব/এন-১/ ৪৪

তারিখ : ০৬/০৪/২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (মাস্টার্স ১ম পর্ব) নিয়মিত কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (মাস্টার্স ১ম পর্ব) নিয়মিত কোর্সে অত্র কলেজে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত পদ্ধতিতে ১২/০৪/২০২৬ তারিখ থেকে ১৬/০৪/২০২৬ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) অনলাইনে সম্পন্ন হবে।

প্রিলিমিনারী টু মাস্টার্স কোর্সে ভর্তি ফিসের মোট টাকার পরিমাণ (সেমিনার ফি ব্যতিত):

এম.এ/এম.এস.এস/এম.বি.এ (প্রিলিমিনারী টু মাস্টার্স)	এম.এস.সি (প্রিলিমিনারী টু মাস্টার্স)
মোট টাকা = ৪৬২৫/-	মোট টাকা = ৪৭২৫/-

সেমিনার ফি এম.এ/এম.এস.এস/এম.বি.এ = ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা) ও এম.এস.সি = ৬০০/- (ছয়শত টাকা) টাকাসহ অন্যান্য বিভাগীয় ফি রশিদের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

- ০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- ০২। সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট <http://debendracollege.eshiksabd.com/> এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।
- ০৩। Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।
- ০৪। Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :  
Select Department (যে বিভাগে চানপ্রাপ্ত) Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।
- ০৫। ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে। (ছবির সাইজ হবে সর্বোচ্চ 999 kb)। শিক্ষার্থীরা শুধু এসএসসি, এইচ এসসি এবং ডিগ্রী (পাস) পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।
- ০৬। সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটন এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে ভর্তি ফিসহ সকল তথ্য চলে আসবে।
- ০৭। অতঃপর উপায়/বিকাশ/নগদের মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে ক্লাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। শিক্ষার্থী ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিবে।

মোবাইলের মাধ্যমে রকেট/উপায়/বিকাশ/নগদে ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

রকেট/উপায়/বিকাশ বা নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর শিক্ষার্থীদের করণীয়:

- ০১। পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০২ কপি ও দেবেন্দ্র কলেজে ভর্তির পূরণকৃত ফরম ০২ কপি) সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০.০০টা থেকে দুপুর ২.০০ পর্যন্ত) নিম্নোক্ত কাগজপত্রসহ জমা দিতে হবে।  
(ক) এসএসসি, এইচ এস সি এবং ডিগ্রী পরীক্ষার মূল সনদ, নম্বরপত্র এবং প্রশংসা পত্রসহ প্রতিটির ফটোকপি ০২ টি করে।  
(খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙীন ছবি।  
(গ) রকেট/বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, ক্লাশ রোল নম্বর, বিভাগ, ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি শিক্ষার্থী সংরক্ষণ করবে)।

বি.দ্র:- যে সকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হয়েছে তাদেরকে ১৬/০৪/২০২৬ তারিখের মধ্যে নতুন বিষয়ের ফরম ডাউনলোড করে স্ব স্ব বিভাগে অবশ্যই জমা দিতে হবে অন্যথায় তাদের পূর্বের এবং পরের দুটি ভর্তিই বাতিল হয়ে যাবে।

প্রতিষ্ঠান  
০৪/০৪/২০২৬  
অধ্যক্ষ  
সরকারি দেবেন্দ্র কলেজ  
মানিকগঞ্জ।

আহবায়ক  
০৬/০৪/২০২৬  
প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি/২০২৩-২০২৪  
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।